

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

নং পরীক্ষা/সিই-৫৯৯

তারিখ : ২৩/০২/২০১৬

সাপ্লিমেন্টারী পরীক্ষার বিজ্ঞপ্তি

১। গ্র্যাজুয়েটিং টার্মের যে সকল ছাত্র/ছাত্রীর সর্বোচ্চ দুইটি থিওরী কোর্স বাকী আছে তাহাদের জন্য প্রযোজ্যঃ

একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তক্রমে গ্র্যাজুয়েটিং টার্মের একজন শিক্ষার্থী নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেঃ

- জানুয়ারী, ২০১৬ টার্মে যে সকল ছাত্র/ছাত্রীর গ্র্যাজুয়েশন সম্পন্ন করিতে সর্বোচ্চ ২টি থিওরী কোর্স বাকী থাকিবে যা ইতিপূর্বে ছাত্র/ছাত্রীগণ রেজিস্ট্রেশন করিয়া অনুত্তীর্ণ হইয়াছে বা টার্ম Withdraw করিয়াছে।
- জানুয়ারী, ২০১৬ টার্মে উক্ত বিষয়/বিষয়সমূহ রেজিস্ট্রেশন করিতে হইবে।
- যে সকল ছাত্র/ছাত্রী Sessional/ Industrial Training/ Practical Survey ইত্যাদি সকল কোর্স জানুয়ারী, ২০১৬ টার্মের পূর্বেই সম্পন্ন করিয়াছে।
- সাপ্লিমেন্টারী পরীক্ষা কোন কোর্সের গ্রেড Improvement করার জন্য ব্যবহার করা যাইবে না এবং এই পরীক্ষায় কোন শিক্ষার্থী সর্বোচ্চ B গ্রেড এর বেশী পাইবে না।

এই সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশনসহ অন্যান্য সময়সূচী নিম্নে প্রদত্ত হইল।

| | |
|---|--|
| নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্দিষ্ট ফরম্যাট* অনুযায়ী লিখিত আবেদন করিবার সময়সীমা | ০৯/০৩/২০১৬, বুধবার হইতে ১৬/০৩/২০১৬, বুধবার |
| Online প্রক্রিয়া সম্পন্ন করিয়া রেজিস্ট্রেশন করিবার সময়সীমা | ০৯/০৩/২০১৬, বুধবার হইতে ১৯/০৩/২০১৬, শনিবার |
| সাপ্লিমেন্টারী পরীক্ষা | ১৬/০৪/২০১৬, শনিবার হইতে শুরু |

*আবেদনের ফরম্যাট বিভাগে পাওয়া যাইবে।

উল্লেখ্য যে, সাপ্লিমেন্টারী পরীক্ষায় অকৃতকার্য ছাত্র/ছাত্রীগণ জানুয়ারী, ২০১৬ টার্ম ফাইনাল পরীক্ষায়ও অংশগ্রহণ করিতে পারিবে।

২। অন্যান্য ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্যঃ

একাডেমিক কাউন্সিলের ৪১৮ তম ও ৪২১ তম অধিবেশনের সিদ্ধান্তক্রমে একজন শিক্ষার্থী নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেঃ

- একজন শিক্ষার্থী কেবলমাত্র পূর্ববর্তী টার্মসমূহে অনুত্তীর্ণ থিওরী কোর্সসমূহের মধ্যে একটি থিওরী কোর্স (রেগুলার টার্মের কোর্স ও ক্রেডিট এর অতিরিক্ত) রেজিস্ট্রেশন করিতে পারিবে।
- কোন কোন কোর্স সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য অফার করা হবে তা সংশ্লিষ্ট বিভাগ নির্ধারণ করিবে।
- সাপ্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীকে ক্রেডিট প্রতি টাঃ ৫০০/- হারে রেজিস্ট্রেশন ফি দিতে হইবে।
- সাপ্লিমেন্টারী পরীক্ষা কোন কোর্সের গ্রেড Improvement করার জন্য ব্যবহার করা যাইবে না এবং এই পরীক্ষায় কোন শিক্ষার্থী সর্বোচ্চ B গ্রেড এর বেশী পাইবে না।

এই সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশনসহ অন্যান্য সময়সূচী নিম্নে প্রদত্ত হইল।


| | |
|---|--|
| নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্দিষ্ট ফরম্যাট* অনুযায়ী লিখিত আবেদন করিবার সময়সীমা | ২৭/০২/২০১৬, শনিবার হইতে ০৭/০৩/২০১৬, মঙ্গলবার |
| Online প্রক্রিয়া সম্পন্ন করিয়া রেজিস্ট্রেশন করিবার সময়সীমা | ০৯/০৩/২০১৬, বুধবার হইতে ১৬/০৩/২০১৬, বুধবার |
| সাপ্লিমেন্টারী পরীক্ষা | ১৬/০৪/২০১৬, শনিবার হইতে শুরু |

*আবেদনের ফরম্যাট বিভাগে পাওয়া যাইবে।

উল্লেখ্য যে একজন শিক্ষার্থী একই কোর্স নিয়মিত টার্মে ও সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য পথকভাবে রেজিস্ট্রেশন করিতে পারিবে।

উভয় ক্ষেত্রে আবেদনকৃত বিষয়সমূহের মোট নম্বরের ৭০% নম্বরের উপর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং অবশিষ্ট ৩০% নম্বর পূর্ববর্তী টার্মের Continuous Assessment (ClassTest ও Class Attendance) হইতে নেওয়া হইবে (তবে পূর্বে একই বিষয়ে একাধিকবার অনুষ্ঠিত হইলে সবচেয়ে বেশী নম্বর প্রাপ্ত Continuous Assessment বিবেচনা করা হইবে)।

পরীক্ষার বিস্তারিত প্রোগ্রাম যথাসময়ে ঘোষণা করা হইবে।


24-2-2016
(ডঃ মোঃ আবুল কাশেম মিয়া)
পরীক্ষা নিয়ন্ত্রক
ও
অধ্যাপক, সিএসই বিভাগ

নং পরীক্ষা/সিই- ৫৯৯ (৬০)

তারিখ : ২৩/০২/২০১৬

অনুলিপি :

- ১। সকল ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৩। রেজিস্ট্রার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করনের জন্য)
- ৪। ছাত্র কল্যাণ পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৫। পরিচালক, আইআইসিটি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও অনলাইন রেজিস্ট্রেশনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৬। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সকল নোটিশ বোর্ড (বিশ্ববিদ্যালয় ও হল), বাঃ প্রঃ বিঃ, ঢাকা


24.2.16
(প্রকৌশলী মোঃ সানাউল্লাহ হাকিম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

